

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	:	হাসান মাহমুদ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার রেলপথ মন্ত্রণালয়
তারিখ	:	২১ সেপ্টেম্বর ২০২২
সময়	:	সকাল ১১:০০ টা
স্থান	:	রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং-৯১০)
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।


উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, সভার আলোচ্য বিষয়, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) অনুসরণে করণীয় কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতির ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কর্মপরিকল্পনার ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.১.১	রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.১.১ অনুযায়ী সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। ইতোমধ্যে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারির নিকট হতে ১১ টি উদ্ভাবনী ধারণা পাওয়া যায়।	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারির নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ উপস্থাপন করার লক্ষ্যে পর্যায়ক্রমে আগামী ০২ (দুই) সপ্তাহে ০২ (দুই) টি উপস্থাপনা বিষয়ক সভা আয়োজন করতে হবে এবং উক্ত সভায় উদ্ভাবনী ধারণাসমূহ উপস্থাপনের লক্ষ্যে উদ্ভাবকগণকে পত্র মারফত অবহিত করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
১.২.২	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার কার্যক্রম সংক্রান্ত।	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে পত্র ও সংশ্লিষ্ট উদ্ভাবকগণকে অনুলিপি প্রেরণ করতে হবে এবং আগামী মাসিক সমন্বয় সভায় বিষয়টি উপস্থাপন করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
১.৪.১	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম সংক্রান্ত।	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-কে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।

৫

১.৪.২	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ০২(দুই) টি বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের কার্যক্রম সংক্রান্ত।	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা সংক্রান্ত প্রথম কর্মশালাটি অক্টোবর/২০২২ মাসে রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব হতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে আয়োজন করতে হবে। এ বিষয়ে প্রশাসন-২ শাখার সহযোগিতা গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
২.২.১	রেলপথ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪ টি প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। রেলপথ মন্ত্রণালয়ের ২য় ও ৩য় শ্রেণির কর্মকর্তা-কর্মচারির অংশগ্রহণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ই-নথি বিষয়ক ০১ (এক) টি প্রশিক্ষণ গত ৩০ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অবশিষ্ট ০৩ (তিন) টি প্রশিক্ষণের বিষয় নির্ধারণ করে প্রশিক্ষণ আয়োজন করার জন্য প্রশাসন-২ শাখাকে পত্র দিতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
২.২.৪	রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম সংক্রান্ত।	রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের সাথে আগামী মাসে একটি সভার আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (হাসান মাহমুদ)
 যুগ্মসচিব
 ও
 চীফ ইনোভেশন অফিসার
 রেলপথ মন্ত্রণালয়।